তারিখ ... 08 APR 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

যুগান্তর

# আশুলিয়ায় ৭ ছাত্রী ধর্ষণে স্কুল মালিক গ্রেফতার

## ফরিদপুরে স্কুলছাত্রীকে গণধর্ষণ : রাজশাহীতে শিক্ষক আটক

**যুগান্তর ডেস্ক**

সাভারের আশুলিয়ায় ৭ শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগে স্কুলের মালিককে গ্রেফতার করা হয়েছে। ফরিদপুরের সদরপুরে গণধর্ষণের শিকার হয়েছে স্কুলছাত্রী। রাজশাহীর গোদাগাড়ীতে শিশু ধর্ষণচেষ্টায় গ্রেফতার হয়েছে শিক্ষক। চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ছাত্রীর শ্লীলতাহানির ঘটনায় শিক্ষক বরখাস্ত হয়েছে। ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**আশুলিয়া :** সাভারের আশুলিয়ায় একটি প্রাইভেট স্কুলের ডে-কেয়ারের ৭ শিশু শিক্ষার্থীকে কৌশলে ধর্ষণ করেছে কুরগাঁও আমির মডেল টাউন স্কুলের মালিক ও পরিচালক আমির হোসেন খোকন। বৃহস্পতিবার রাতে পুলিশ তাকে গ্রেফতার করেছে। অভিভাবকরা জানান, বৃহস্পতিবার দুপুরে ৫ম শ্রেণীর এক ছাত্রীকে খোকন মিয়া তার কক্ষে আটকে রেখে ধর্ষণ করে। বিষয়টি জানাজানি হলে অপর ৬ ছাত্রী লম্পট শিক্ষকের অনৈতিক কর্মকাণ্ডের কথা ফাঁস করে দেয়। এ নিয়ে অভিভাবকদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে।

**ফরিদপুর :** ফরিদপুরের সদরপুরে গণধর্ষণের শিকার মেয়েটি ৮ম শ্রেণীর ছাত্রী ও সংখ্যালঘু। উপজেলার আকোটেরচর ইউনিয়নের দোপ আকোট গ্রামে গণধর্ষণের এ ঘটনা ঘটে। জানা গেছে, ওই স্কুলছাত্রী বৃহস্পতিবার রাত ৮টার দিকে প্রকৃতির ডাকে ঘর থেকে বের হয়। পরে ওঁৎ পেতে থাকা একই গ্রামের বাদশা কাজীর বখাটে ছেলে বাবু কাজী, মজনু মুন্সীর ছেলে ফারুক মুন্সী ও মান্না কাজীর ছেলে সাখাওয়াত কাজী তাকে তুলে নিয়ে ধর্ষণ করে। পরে রাত ৪টার সময় বাড়ির সামনে রাস্তায় মেয়েটিকে অচেতন অবস্থায় পাওয়া যায়। এ ব্যাপারে সদরপুর থানায় মামলা হয়েছে।

**রাজশাহী :** গোদাগাড়ীতে শিশু ধর্ষণচেষ্টার অভিযোগে গ্রেফতার শিক্ষকের নাম আবু রায়হান রতন। তার বাড়ি গোদাগাড়ী পৌরসভার মহিষালবাড়ি গ্রামে। সে উপজেলার বাসুদেবপুর শহীদুন্নেশা বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক। জানা যায়, শুক্রবার জুমার নামাজের সময় রতন প্রতিবেশী ওই শিশুকে আম খাওয়ানোর লোভ দেখিয়ে তার বাড়িতে ডেকে নিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। এ সময় শিশুটি চিৎকার শুরু করলে স্থানীয় লোকজন তাকে হাতেনাতে ধরে ফেলে। পরে খবর পেয়ে পুলিশ তাকে আটক করে। পুলিশ জানায়, ওই শিশুর মা শিক্ষক রতনের বিরুদ্ধে ধর্ষণচেষ্টার মামলা করেছেন।

**শিবগঞ্জ :** চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ছাত্রীর শ্লীলতাহানির ঘটনায় বরখাস্ত হওয়া শিক্ষকের নাম নিয়াজ উদ্দীন। তিনি মনাকষা হাজী এহসান আলি কারিগরি কামিল মাদ্রাসার শিক্ষক। বুধবার দুপুরে মাদ্রাসার এক ছাত্রীর সঙ্গে অসামাজিক কাজে লিপ্ত ছিলেন তিনি। স্থানীয় জনতা তাকে আটক করে পুলিশে দেয়। ওই মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাদিকুল ইসলাম জানান, অভিযুক্ত শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

**চকরিয়া :** কক্সবাজারের চকরিয়ায় এক মাদ্রাসা ছাত্রীকে ঘরে ঢুকে ধর্ষণ করা হয়েছে। ধর্ষক শিবিরকর্মী আবু হানিফ মো. নোমানকে এলাকাবাসী বৃহস্পতিবার রাতে ঘরের ভেতর আটকে রেখে পুলিশে খবর দেন। উপজেলার কাকারা ইউনিয়নের এসএম চর এলাকার ভিলেজার পাড়ায় এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, উপজেলার লক্ষ্যারচর ইউনিয়নের রুস্তমআলী চৌধুরী পাড়ার নজির আহম্মদের বখাটে ছেলে আবু হানিফ মো. নোমান বৃহস্পতিবার গভীর রাতে কাকারা ইউনিয়নের এসএমচর পাহাড়ি এলাকা ভিলেজার পাড়ার ঘরে ঢুকে ওই মাদ্রাসা ছাত্রীকে ধর্ষণ করে।